

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬২২

১/ বিবিধ

আরবী

ما جبل ولي الله إلا على السخاء وحسن الخلق
موضوع

رواه أبو القاسم القشيري في " الأربعين " (ق 157 / 2) والقاضي أبو عبد الله الفلاكي في " الفوائد " (ق 89 / 1) وابن عساكر (ج 15 / 407 / 1) من طريق يوسف بن السفر أبي الفيض: حدثنا الأوزاعي: حدثني الزهري عن عروة عن عائشة مرفوعا قلت: وهذا إسناد مركب موضوع، وآفته ابن السفر هذا فإنه كذاب كما سبق مرارا. وقد أورد الحديث من طريقه ابن الجوزي في " الموضوعات " (2 / 179) وقال: " قال الدارقطني: يوسف يكذب، والحديث لا يثبت وأقره السيوطي في " اللآلي " (2 / 91) ثم ابن عراق في " تنزيه الشريعة " (ق 262 / 2) . قلت: ولا يغتر برواية بقية لهذا الحديث عن الأوزاعي به. أخرجه أبو حامد الشجاعى في " الأمالي " (ق 3 - 4) وكذا رواه ابن عساكر أيضا إلا أنه أسقط من إسناده عائشة فأرسله، لا يغتر بذلك فإنها من تدليسات بقية المشهورة حيث أسقط من بينه وبين الأوزاعي ابن السفر هذا الكذاب ويؤيده أن ابن عساكر رواه في رواية أخرى له عن بقية عن يوسف بن السفر عن الأوزاعي به مرسلا. فهذه الرواية تدل على أن بقية تلقاه عن الكذاب المذكور. والحديث أورده المنذري في " الترغيب " (3 / 248) من رواية أبي الشيخ عنها. وأشار إلى تضعيفه

৬২২। আল্লাহর অলীকে দানশীলতা এবং উত্তম চরিত্র দিয়ে সৃষ্টি করা হয়েছে।

হাদীছটি জাল।

এটি আবুল কাসেম আল-কুশায়রী "আল-আরবাউন" (কাফ ২/১৫৭) গ্রন্থে, কাযী আবু আবদিল্লাহ আল-ফালাকী "আল-ফাওয়ায়েদ" (কাফ ১/৮৯) গ্রন্থে এবং ইবনু আসাকির (১৫/৪০৭/১) ইউসুফ ইবনুস সাফার আবুল ফায়েয সূত্রে আওয়াঈ হতে ... মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে ইবনুস সাফার- তিনি মিথ্যুক। যেমনটি বার বার তার সম্পর্কে আলোচনা করা হয়েছে। হাদীছটি ইবনুল জাওয়ী তার সূত্রেই "আল-মাওয়ু'আত" (২/১৭৯) গ্রন্থে উল্লেখ করে বলেছেন, দারাকুতনী বলেনঃ ইউসুফ মিথ্যা বলতেন আর হাদীছটি সাব্যস্ত হয়নি।

সুযুতী "আল-লাআলী" (২/৯১) গ্রন্থে এবং ইবনু ইরাক "তানযীহুশ শারীয়াহ" (কাফ ২/২৬২) গ্রন্থে তাকে সমর্থন করেছেন। এ হাদীছটি বাকিয়্যার সূত্রেও বর্ণিত হয়েছে। তার সূত্র দ্বারা ধোকায় পড়া যাবে না। কারণ তিনি তার এবং আওয়াঈর মধ্যের মিথ্যুক ইবনুস সাফারকে তাদলীস করে ফেলে দিয়েছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71501>

🔒 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন